বিষয় ঃ চুক্তিভিত্তিক 'জিও হাইড্রোলজিষ্ট' পদে নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

১৫। নির্দেশক্রমে নথি উপস্থাপন করা হ'ল।

১৬। ঢাকা ওয়াসায় চুক্তিভিত্তিক হিসেবে চুক্তিভিত্তিক নিয়োগযোগ্য জি.ও হাইড্রোলজিষ্ট পদে জনবল নিয়োগের লক্ষ্যে গত ০৫/০৭/২০২২ তারিখে বহুল প্রচারিত ০৪ (চার) টি দৈনিক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ছিল-২৮/০৭/২০২২। নির্ধারিত তারিখের মধ্যে চুক্তিভিত্তিক জিও হাইড্রোলজিষ্ট পদে ১৫টি সঠিক আবেদন পাওয়া যায়। সঠিক হিসেবে প্রাপ্ত আবেদনকারীদের লিখিত পরীক্ষা আগামী ২৪।০২।২৪ তারিখে সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে ঃ

(ক) অনুষ্ঠিতব্য জিও হাইড্রোলজিষ্ট পদে নিয়োগ পরীক্ষা উচ্চতর সিলেকশন বোর্ডের আওতাভূক্ত। সুতরাং উক্ত পদে লিখিত পরীক্ষার তারিখে উচ্চতর সিলেকশন বোর্ডের সম্মানীত আহবায়ক ও সদস্যগণ এবং কো-অপ্ট সদস্য কে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে নোটিশ দেয়া যেতে পারে।

(খ) লিখিত পরীক্ষা গ্রহণের জন্য ওয়াসা ভবনের ৪র্থ তলাস্থ বুড়িগঙ্গা হলে পরীক্ষার্থীদের আসন ব্যাবস্থার জন্য প্রয়োজনীয় সংখ্যক চেয়ার, টেবিল সরবরাহের জন্য উপ সচিব, কমন সার্ভিস বিভাগ এবং নির্বাহী প্রকৌশলী, সিএম বিভাগ-কে অনুরোধ করা যেতে পারে।

(গ) উল্লেখিত পদে লিখিত পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পত্রাংশ ক্রমিক-১ এ রক্ষিত কর্মকর্তা/কর্মচারীগণের সমন্বয়ে ২ (দুই) টি টিম গঠন করা যেতে পারে।

(ঘ) অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষা শনিবার সাপ্তাহিক ছুটির দিনে ওয়াসা ভবনে অনুষ্ঠিত হবে বিধায় উপরে বর্ণিত সিলেকশন বোর্ড, সহায়ক কর্মকর্তা, সহযোগী কর্মচারী ও উপস্থিত কর্মকর্তাগণের গাড়ীচালকগণকে সম্মানী ভাতা প্রদান প্রয়োজন হবে। এছাড়া পরীক্ষা দিন হালকা আপ্যায়ন ও দুপুরের আহারের ব্যবস্থা গ্রহণের জন্য এবং পরীক্ষা কেন্দ্রে স্বাস্থ্যবিধি অনুসরণের জন্য প্রয়োজনীয় মাস্ক, স্যানিটাইজার, পানি সরবরাহের জন্য কমন সার্ভিস বিভাগ-কে দায়িত্ব দেয়া যেতে পারে।

(ঙ) চুক্তিভিত্তিক জিও হাইড্রোলজিষ্ট পদে অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষা গ্রহণের লক্ষ্যে উচ্চতর সিলেকশন বোর্ড-এর সদস্যদের সম্মানীসহ অন্যান্য ক্ষেত্রে বিভিন্ন ভাতা ও খরচের হার নিম্নরূপভাবে নির্ধারণ করা যেতে পারেঃ

✓	উচ্চতর সিলেকশন কমিটির আহবায়ক-কে সম্মানী ভাতা (১ জন x ৩৫০০), সদস্য ও কো-অপ্ট সদস্যগণের সম্মানী ভাতা (৭ জন সদস্যের ৩০০০/- টাকা হারে+০১ জন কো-অপ্ট সদস্যের ৩,০০০/- টাকা হারে) মোট (৩,৫০০+৩০০০x৭)	২৭,৫০০/-
✓	বিশেষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (৪ জন × ২০০০/-)	৮,০০০/-
✓	সহযোগী টীমের কর্মচারীদের সম্মানী বাবদ (৫ জন × ১০০০/-)	৫,০০০/-
✓	সংশ্লিষ্ট কর্মকর্তাদের গাড়ীচালকদের সম্মানী ভাতা (১৪ জন x ৮০০/-)	১১,২০০/-
✓	গার্ড, সিকিউরিটি ও কনফারেন্স হলে দায়িত্বরত ষ্টাফদের সম্মানী বাবদ (১০ জন)	৫,০০০/-
✓	ষ্টেশনারী মালামাল ও রেভিনিউ ষ্ট্যাম্প বাবদ	৩,৫০০/-
✓	প্রশ্নপত্র তৈরী	১০,০০০/-
✓	উত্তরপত্র তৈরী (২০ x ৩০/- প্রতি সেট)	৬০০/-
✓	উত্তরপত্র মূল্যায়ন (২ জন কর্মকর্তা X ২০০০)	৪,০০০/-
	মোট=	৭৪,৮০০/-

ঢাকা ওয়াসা

১৭। পূর্ব পৃষ্ঠার বর্ণনার আলোকে

- উচ্চতর সিলেকশন কমিটির সম্মানীত আহ্বায়ক ও সদস্যগণ এবং কো-অপ্ট সদস্য বাণিজ্যিক ব্যবস্থাপক মহোদয়-কে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে নোটিশ দেয়া যেতে পারে।
- পরীক্ষা গ্রহণের দিন বিশেষ টিমের কর্মকর্তাগণ, সহযোগী টিমের সদস্যগণকে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে নোটিশ জারি করা যেতে পারে।
- পরীক্ষার দিন ওয়াসা ভবনের ৪র্থ তলাস্থ বুড়িগঙ্গা হলে পরীক্ষার্থীদের আসন ব্যাবস্থার জন্য প্রয়োজনীয় সংখ্যক চেয়ার, টেবিল সরবরাহ, হালকা আপ্যায়ন, দুপুরের আহার এবং প্রয়োজনীয় সংখ্যক মাস্ক ও স্যানিটাইজার সরবরাহের জন্য উপ সচিব, কমন সার্ভিস বিভাগ এবং নির্বাহী প্রকৌশলী, সিএম বিভাগ-কে পত্র দেয়া যেতে পারে।
- উপ-সচিব প্রশাসন-১ এর অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে সর্বমোট ৭৪,৮০০/- **(চুয়াত্তর হাজার আটশত)** টাকা প্রদানের জন্য হিসাব বিভাগে পত্র প্রেরণ করা যেতে পারে।

১৮। এমতাবস্থায়, নোট অনুচ্ছেদ-১৭ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। প্রস্তাব অনুমোদিত হলে এতদবিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

07/02/24

7/2/24

07/02/24
OS(A-1)

07/02/24
AS(A-1)

DS(A-1)

Dir.
08/02/2024
সচিব

DMD (HR & Admin)

MD Sir

08.02.24
মোঃ আক্তারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
(অতিরিক্ত দায়িত্ব)
ঢাকা ওয়াসা।

8/2/24

DS (Ad-1)

Dir.
08/02/2024